শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এসডিজি, এপিএ, এনআইএস, ইনোভেশন সেল
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০৩.২০- ১৮

তারিখ: ১০ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন-এর উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভা অতিরিক্ত সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম-এর সভাপতিত্বে গত ২২ জানুয়ারি ২০২৩ তারিখে এ বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

০২। আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এর উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ (চার) পৃষ্ঠা;

২৪/০১/২০২৩
(রুজিনা সুলতানা)
উপসচিব

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, ই-গভর্ন্যান্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা) এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪। অফিস কপি।

...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

বিষয়ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ রফিকুল ইসলাম অতিরিক্ত সচিব
সভার তারিখ	২২/০১/২০২৩ খ্রিষ্টাব্দ।
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	সভাকক্ষ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন) জনাব রুজিনা সুলতানা আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক মূল্যায়ন কার্যক্রম উপস্থাপন করেন। একইসঙ্গে উপস্থাপিত প্রমাণক যাচায়ান্তে এ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত পর্যবেক্ষণ প্রতিবেদন সভায় তুলে ধরেন। ৫টি দপ্তর/সংস্থার ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্গত কার্যক্রমসমূহে গতিশীলতা আনয়নের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০২। ২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক পর্যন্ত সময়ের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রমভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী

১	সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক ১.১.১-এর নির্দেশনা অনুযায়ী বিদ্যমান সেবার মধ্যে ন্যূনতম একটি সেবাকে সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। আলোচনান্তে দেখা যায় যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কার্যক্রমটি বাস্তবায়ন করেছে, তবে সেবা সহজিকরণ সংক্রান্ত অফিস আদেশ সঠিকভাবে উপস্থাপন করেনি। কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও নেকটার-এর প্রতিনিধিগণ জানান আলোচ্য কার্যক্রম আস্তবায়নের সময়সীমা ০৪ মে ২০২৩ তারিখ পর্যন্ত নির্ধারিত রয়েছে এবং তাদের নিজ নিজ অফিসের সেবা সহজিকরণের কার্যক্রম চলমান রয়েছে;	সঠিকভাবে অফিস আদেশ জারীর মাধ্যমে সেবা সহজিকরণের বিষয়ে সকলকে অবহিত করতে হবে;	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড; বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ১৩.১০.২০২২তারিখের মধ্যে সকল সরকারি অফিসে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার ডাটাবেজ প্রস্তুত করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। প্রমাণক পর্যালোচনান্তে দেখা যায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ব্যতীত অন্য সকল দপ্তর/সংস্থা ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/সেবার ডাটাবেজ সঠিকভাবে প্রস্তুত করে ওয়েবসাইটে আপলোড করেছে;	মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ফরম্যাট অনুযায়ী ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার ডাটাবেজ প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
৩	ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	সকল সরকারি অফিসে ন্যূনতম ৮৫% নথি ই-নথির মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে মর্মে উল্লেখ রয়েছে। পর্যালোচনান্তে দেখা যায় যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও নেকটার সঠিকভাবে প্রমাণক উপস্থাপন করেছে। কারিগরি শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক উপস্থাপিত প্রমাণক যথাযথ নয়;	ই-নথির মাধ্যমে ন্যূনতম ৮৫% নথি নিষ্পত্তির প্রমাণক হিসেবে ই-নথির স্ক্রিনশট ও হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নথির প্রমাণক হিসেবে নথি চলাচল রেজিস্টারের কপি সংযুক্ত করতে হবে;	কারিগরি শিক্ষা অধিদপ্তর; বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৪	ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য বাতায়ন হালনাগদকরণ	প্রতি ত্রৈমাসিকে স্ব স্ব ওয়েবসাইটের সকল সেবাবক্স হালনাগাদকরণপূর্বক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের নির্দেশনা রয়েছে। নেকটার কর্তৃক প্রেরিত এতদসংক্রান্ত প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী যথাযথ হয়েছে। বাকি ৪টি দপ্তর/সংস্থার মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রেরিত প্রমাণক যথাযথ নয় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এ সংক্রান্ত প্রমাণক দাখিল করেনি;	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকায় উল্লিখিত প্রমাণকের ধরণ অনুযায়ী ওয়েবসাইট হালনাগাদ করে এর স্ক্রিনশট নিয়ে এ বিভাগে প্রেরণ করতে হবে;	কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড; বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫	বিবিধ	প্রতি ত্রৈমাসিকের কার্যক্রম বাস্তবায়নান্তে প্রেরিত প্রমাণকে সূচি/টপশিট, পৃষ্ঠা নম্বর, পতাকা সংযোজন বাঞ্চণীয়।	প্রতি ত্রৈমাসিকের প্রতিবেদনের সাথে প্রেরিত প্রমাণকে সূচি/টপশিট, পৃষ্ঠা নম্বর/পতাকা সংযোজন করতে হবে।	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০২.২০.২৭

তারিখ: ১০ মাঘ ১৪২৯
২৪ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
৩) যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬) চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৭) উপসচিব, রাজস্ব বাজেট শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৯) উপসচিব, (মাদ্রাসা-১ শাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব

মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১) প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১২) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৩) অফিস কপি।

বেগম রুজিনা সুলতানা
উপসচিব